ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩১৭৯</u>
আগরতলা, ১০ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২ জুলাই, ২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় ‘পণ্যবাহী গাড়িতে যাত্রী পরিবহণে ট্রাফিক নিষ্ক্রিয়’ শিরোনামে প্রকাশিত সংবাদটি আরক্ষা দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে এস.পি. ট্রাফিকের রিপোর্টের ভিত্তিতে এক স্পষ্টিকরণে এ.আই.জি.পি. (ল অ্যান্ড অর্ডার) জানিয়েছেন, ত্রিপুরা ট্রাফিক বিভাগের পক্ষ থেকে সড়ক দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। এ.এম.সি. এলাকার বিভিন্ন স্থানে যারা নাকা চেকপয়েন্ট ইত্যাদি লঙ্ঘন করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। পুলিশ এবং পরিবহণ দপ্তরের সমন্বয়ে নিয়মিত যৌথ অভিযান চালানো হয়েছে। চলতি বছরের জুলাই মাস পর্যন্ত জরিমানা বাবদ মোট ২ কোটি ৩৭ লক্ষ ৫ হাজার ১০০ টাকা আদায় করা হয়েছে এবং ট্রাফিক নিয়ম লঙ্ঘন করার জন্য মোটর ভেহিক্যাল আইন অনুযায়ী ২৮ হাজার ২৫৭টি পি.আর. জমা করা হয়েছে। সুতরাং সংবাদটি অসত্য।

*****